62

দৈনিক ইনকিলাব

তারিখ ... 11 JUN 1997 ... ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ১ ......

প্রসঙ্গ জগন্নাথ পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়

# শিক্ষকদের নিয়ে ১০ সদস্যের বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটি গঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ সাবেক প্রধানমন্ত্রী কর্তৃক ১৯৯৫ সালের ২ নভেম্বর জগন্নাথ কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়রূপে ঘোষণার বাস্তবায়ন ও দ্রুত বিশ্ববিদ্যালয় কার্যক্রম চালু করার লক্ষ্যে গত রবিবার বিশ্ববিদ্যালয় শিক্ষক ও ছাত্র নেতৃবৃন্দের এক আলোচনা সভা টিচার্স কাউন্সিলে অনুষ্ঠিত হয়। ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর মোহাম্মদ নূরুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশ্ববিদ্যালয় পরবর্তী অধ্যাদেশ প্রণয়ন, প্রকল্পের পূর্বাপর সার সংক্ষেপ নিয়ে আলোচনা-পর্যালোচনা হয়। সভায় শিক্ষকদের নিয়ে ১০ সদস্য বিশিষ্ট বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটি গঠন করা হয়। প্রো-ভিসি (ভারপ্রাপ্ত) প্রফেসর এ বি এম জনাব আলীকে আহ্বায়ক করে গঠিত কমিটি সদস্য শিক্ষকগণ হলেন প্রো-ভিসি প্রফেসর আলহাজ জহুরুল ইসলাম, প্রফেসর আবুল কাশেম, প্রফেসর বি এম বাসুনিয়া, প্রফেসর নিলুফার সুলতানা, প্রফেসর রবিউল হক, প্রফেসর সামিনা সুলতানা, প্রফেসর আবদুস সাঈদ, প্রফেসর এ এস এম ফকরুদ্দিন ও প্রফেসর আবদুর রহমান।

ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের মধ্যে রয়েছেন ছাত্র লীগের জাহাঙ্গীর আহম্মেদ, রবিউল হোসেন, গোলাম ফারুক স্বপন, ছাত্রদলের সাগীর আহমদ, আবদুল খালেক হাওলাদার ও শামসুজ্জামান সুরুজ প্রমুখ।